All that one self contained flat measuring about 690 Sq.ft. area, (Including 20% Super Buildup area), consisting Two Room, One Hall, One Kitchen, one Balcony and One Toilet, on the Second Floor, being Flat No.201, of the building constructed on land containing an area of 6 Cottahs more or less together with undivided proportionate shares in the land and common areas of the building, situated and lying at premises No.24, "C" Road, Bamungachi, P.S. - Liluah, District - Howrah, within the jurisdiction of Howrah Municipal Corporation, Ward No.7 and within Mouza - Bamungachi & P.S. - Liluah (new), Bally (Old), L.R. Dag No. 380, L.R. Khatian No. 375, J.L. No.10, together with all right of easements and appurtenances thereto and **the said building bounded by :** On the North - Property of Juba Sangh and Holding No. 113, "B" Road, On the South - Municipal Passage, On the East - Holding No. 24/1 and 24/1 Part, "C" Road, On the West - Holding No. 28/1/1 and 28/1/1/1, "C" Road. **The Flat is bounded by :** On the North - Stair Case and Lift, On the South - Open to Sky, On the West - Open to Sky, On the East - Flat No. 202. **The Flat is belonging to Mr. Shouvick Das** vide Registered Deed of Sale being No. 050206892 of 2022, registered before A.D.S.R. - Howrah)

(CERSAI Security Interest ID : 400062978976, Asset ID : 200063775643)

Date : 10.11.2025	Date of Publication	Authorised Officer
Place : Salkia	11.11.2026	Union Bank of India

For Classified Advts
8420669741

কলকাতা, শিলিগুড়ি ও পোর্ট ব্লেয়ার থেকে একযোগে প্রকাশিত

আর্থিক লিপি

www.facebook.com/arthiklipiepaper, www.lipidigital.in | Kolkata Office : Ph : 033 22274548 | E-mail : lipinews4@gmail.com | ১০ পাতা

Vol - XXI, ISSUE - 239 | কলকাতা ● বুধবার ● ২৪ কার্ত্তিক, ১৪৩৩ ● ১১ নভেম্বর, ২০২৬ ● KOLKATA ● WEDNESDAY ● NOVEMBER 11, 2026 | ₹ 3

ট্রাম্পের স্বীকারোক্তি



অভিবাসন নীতি কার্যকর করতে গিয়ে যে অতিরিক্ত বাড়াবাড়ি করা হয়েছে। তাতে নির্বাচনী বিপর্যয় হয়েছে। এমনটাই মনে করেন ডোনাল্ড ট্রাম্প। অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে ধরপাকড় করতে গিয়ে তাঁর প্রশাসন অতিরিক্ত কঠোর হয়ে পড়েছিল বলে স্বীকার করেছেন মার্কিন প্রেসিডেন্ট।

বুদ্ধদেবের প্রশংসা করেও সিপিএমকে নিশানা

নন্দীগ্রাম নিয়ে ফের হুঁশিয়ারি মুখ্যমন্ত্রীর

স্টাফ রিপোর্টার ঃ কয়েক দিন আগেই গড়বেতায় গিয়ে নন্দীগ্রাম মামলার 'ফাইল' খোলার হুঁশিয়ারি দিয়েছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মঙ্গলবার নন্দীগ্রাম দিবসের মঞ্চ থেকে আরও একবার হুঙ্কার ছাড়লেন তিনি। কার কার নামে মামলা হতে পারে, তাও জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী। তাঁর কথায়, 'এফআইআর হলে গোঘাটের অভয় ঘোষ, তালড্যাংরার মনোরঞ্জন পাত্র, গড়বেতার তপন ঘোষ, খেজুরির হিমাংশু দাস, এঁদের বিরুদ্ধে আমি নতুন করে কেস ওপেন করে ব্যবস্থা নেওয়ার ব্যবস্থা করব'। মঙ্গলবার নন্দীগ্রাম দিবস পালনে গোকুলনগরে যান শুভেন্দু অধিকারী। সেখানে দাঁড়িয়ে একযোগে সিপিএম ও তৃণমূলকে নিশানা করেন মুখ্যমন্ত্রী। নন্দীগ্রামবাসীর উদ্দেশে তিনি বলেন, 'আমি সেদিনও আপনাদের ছিলাম, আজও আছি। কিন্তু চোর তৃণমূলকে আর পাবেন না। ওদের জমানায় ডেথ সার্টিফিকেটগুলো পর্যন্ত দেওয়া হয়নি'। নাম না করে এদিন বুদ্ধদেব ভট্টাচার্যের প্রশংসা করেন রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী। তাঁর মতে, ব্যক্তিগত জীবনে বুদ্ধদেব খুব সৎ ছিলেন। কিন্তু সিপিএম দলটা খারাপ ছিল। ২০০৭ সালে জমি অধিগ্রহণকে ঘিরে ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটির আন্দোলনের সময়ে অগ্নিগর্ভ হয়ে উঠেছিল নন্দীগ্রাম। সেই সময়ে সংঘর্ষে একাধিক আন্দোলনকারী মারা গিয়েছিলেন। ১০ নভেম্বর দিনটিকে কেন্দ্র করে নন্দীগ্রাম দিবস পালন করা হয়। রাজ্যে সিপিএম সরকার গিয়ে তৃণমূল আসার পর থেকে বড় করে এই অনুষ্ঠান হতো। পরে শুভেন্দু অধিকারী তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দেওয়ার পরে আলাদা করে এই দিনটি স্মরণ করে অনুষ্ঠান করেছেন। ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে জয়ের পরে



রাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে এটাই তাঁর প্রথম নন্দীগ্রাম দিবস পালন। সেদিনের রক্তাক্ত ঘটনার বর্ণনা করতে গিয়ে শুভেন্দু অধিকারী বলেন, '১১ জনকে ধরে নিয়ে গিয়েছিল সিপিএমের পার্টি অফিসে। ওদের টুকরো করে কেটে একটা প্লাস্টিকে ঢুকিয়ে একেবারে মাঝসাগরে গিয়ে ফেলে দিয়েছিল। একজনেরও দেহ খুঁজে পাওয়া যায়নি। এতটা নৃশংস ছিল সেই সরকারটা। সেই অপারেশন সূর্যোদয়ের সময়ে বুদ্ধদেব ভট্টাচার্য বলেছিলেন, 'দে হ্যাভ বিন পেড বাই দেয়ার ওন কয়েনস।' বিমান বসু বলেছিলেন, 'নতুন সূর্য উঠল নন্দীগ্রামে।' ব্যক্তি বুদ্ধবাবু ভালোই ছিলেন। আমার সঙ্গে ভালো ব্যবহার করেছিলেন। কিন্তু ওঁদের দলটা ভালো না। আর তৃণমূল? অনেক প্রতিশ্রুতি দিয়ে সরকারে এলেও গত ১৫ বছর ধরে নন্দীগ্রামের জন্য কিছুই করেননি। ডেথ সার্টিফিকেট দেয়নি'। নন্দীগ্রামের গোকুলনগরে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রীর মন্তব্য, জমি আন্দোলনে তৃণমূলের কোনও ভূমিকাই ছিল না। লড়াইটা ছিল নন্দীগ্রামের মানুষের সঙ্গে তৎকালীন বাম সরকারের। মুখ্যমন্ত্রীর অভিযোগ, ১৯ বছর আগের ওই ঘটনার এখনও বিচার হয়নি। নৃশংসতার বিবরণ দিতে গিয়ে তিনি বলেন, ''মোট ১১ জনকে পিছমোড়া করে নিয়ে গিয়েছিল। বারাতলা অঞ্চলে গ্রাম পঞ্চায়েত অফিসে রেখে দিয়েছিল। তার পর জ্যান্ত লোকগুলোকে নিয়ে যাওয়া হয়েছিল কামারদায়। সেখানে সিপিএমের অফিসে তাঁদের পিস পিস করে কাটা হয়। পরের দিন ব্যাগে ঢুকিয়ে মাঝসাগরে, 'ডিপ সি'-তে ফেলে দেওয়া হয়!'' শুভেন্দু আরও বলেন, 'পরবর্তী সময়ে সিআইডি তদন্ত হয়েছে। লক্ষ্মণ শেঠকে ১৮১ দিন জেল খাটেন। কিন্তু বিচার সম্পূর্ণ হয়নি'। তিনি বলেন, ''সে দিন আরও যাঁরা গুলিবিদ্ধ হয়েছিলেন, তাঁদের পুঁতে দেওয়ার জন্য কাঁসাই ব্রিজের দিকে নিয়ে যাওয়া হচ্ছিল। তপন ঘোষ, সুকুর আলি, বিশ্বনাথ দাসদের জনগণ ধরেছিল। তার পরেও ১১ জনের দেহ পাওয়া যায়নি।'' তিনি জানান, ওই পর্বের বিচার করবে তাঁর সরকার। তৃণমূলকে খোঁচা দিয়ে শুভেন্দু বলেন, 'আমি গত বছর বলেছিলাম, '২৬ সালে আমি এবং আমরা আবার আসব। কিন্তু চোর তৃণমূলকে আর পাবেন না। আমার কথা মিলেছে তো?' চ্যালেঞ্জের সুরে মুখ্যমন্ত্রীর মন্তব্য, 'এটাও আজকের দাঁড়িয়ে বলে গেলাম, আগামী ১০০ বছরে এদের আর দেখতে পাবেন না। রেকর্ড করে রেখে দিন'। অভিযোগ করেন, নন্দীগ্রাম নিয়ে কেবল রাজনীতি করেছেন পূর্বতন মুখ্যমন্ত্রী মমতা। তাঁর কথায়, 'মমতা ব্যানার্জি এসেছিলেন তেখালিতে। নন্দীগ্রাম ছোটবোন বলে ভোটে লড়ব বলেছিলেন। কিন্তু ১৫ বছরের মুখ্যমন্ত্রিত্বে ওই লোকগুলোর পরিবারকে 'ডেথ সার্টিফিকেট' পর্যন্ত দেননি উনি। আমি হাই কোর্টে মামলা করে করে দিয়েছি'। নন্দীগ্রামবাসীর উদ্দেশ্যে তিনি বলেন, 'আমি আপনাদের পাশে সেদিনও ছিলাম, আজও আছি'।

উৎসবের মরশুমে বৃষ্টিতে ভিজল শহর কলকাতা

স্টাফ রিপোর্টার ঃ কালীপুজো নির্বিঘ্নে কাটলেও ভাইফোঁটার আগে বৃষ্টিতে ভিজল শহর কলকাতা। মঙ্গলবার সকাল থেকেই আকাশ ছিল আংশিক মেঘলা। দুপুর গড়াতেই শহরের আকাশ কালো করে আসে। তারপরেই বৃষ্টি নামে। বিক্ষিপ্ত ভাবে বৃষ্টি শুরু হয় শহরতলিতেও। এ ছাড়াও, হাওড়ায় শিলাবৃষ্টি হয়েছে। আজ বুধবার ভাইফোঁটা। আজও কলকাতা সহ দক্ষিণবঙ্গে বজ্রবিদ্যুৎ-সহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গে বৃহস্পতিবার থেকে এবং দক্ষিণবঙ্গে শুক্রবার থেকে ফের শুষ্ক আবহাওয়া। নামতে পারে তাপমাত্রার পারদ। কলকাতা ও সংলগ্ন জেলায় সকালের দিকে কুয়াশা থাকবে। হাওয়া অফিস জানিয়েছে, দক্ষিণপূর্ব বাংলাদেশের উপর একটি ঘূর্ণাবর্ত রয়েছে। তার জেরে দক্ষিণবঙ্গের নানা জায়গায় বজ্রবিদ্যুৎ-সহ হালকা মাঝারি বৃষ্টির সম্ভাবনা। দক্ষিণবঙ্গের বাকি জেলাতেও বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস। বুধবার অর্থাৎ ভাইফোঁটার দিন কলকাতা ও দক্ষিণবঙ্গের সব জেলাতেই বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। বৃহস্পতিবার থেকে আবহাওয়ার পরিবর্তন হবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। বৃষ্টি কমার সঙ্গে সঙ্গে সকালের দিকে কলকাতা সহ বেশ কিছু জেলায় কুয়াশা থাকবে। বুধবার দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার ও জলপাইগুড়ি জেলাতে বজ্রবিদ্যুৎ -সহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সমতলের তিন জেলায় দু-এক জায়গায় হালকা বৃষ্টির সামান্য সম্ভাবনা। বৃহস্পতিবার থেকে বৃষ্টির সম্ভাবনা কমবে।

সোনিয়ার আত্মজীবনী নিয়ে কটাক্ষ বিজেপির

নয়াদিল্লি ঃ মঙ্গলবার প্রকাশিত হয়েছে সোনিয়া গান্ধির আত্মজীবনী 'বিলংগিং আ জার্নি অফ লভ'। গান্ধি পরিবারের বেশ কিছু তথ্য, তাঁর রাজনৈতিক জীবনের অনেক কথাই কংগ্রেস নেত্রী তুলে ধরেছেন এই বইয়ে। সেখানে একের পর এক বিস্ফোরক দাবি করেছে সোনিয়া গান্ধি। সেই বই নিয়ে কংগ্রেস এবং গান্ধি পরিবারকে নিশানা করেছে বিজেপি। গেরুয়া শিবিরের দাবি, সোনিয়ার আত্মজীবনী আসলে পাপ আড়ালের চেষ্টা মাত্র। একইসঙ্গে এমার্জেন্সি নিয়েও কংগ্রেসকে খোঁচা দিতে ছাড়েনি বিজেপি। বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, সোনিয়া তাঁর আত্মজীবনীতে জানিয়েছেন, কী ভাবে নিজের 'অন্তরের কথা'কেই প্রাধান্য দিয়েছিলেন। দলের বেশির ভাগই তাঁকে প্রধানমন্ত্রী পদের দাবিদার হিসেবে তুলে ধরে আওয়াজ ওঠান। কিন্তু সেই প্রস্তাব প্রত্যাখ্যান করে অন্তরের কথাই শুনেছিলেন বলে জানিয়েছেন সোনিয়া। তিনি লেখেন, 'নির্বাচনের কয়েক মাস আগে প্রধানমন্ত্রীর পদ নিয়ে রাহুল-প্রিয়াঙ্কার সঙ্গে আলোচনা করি। ওদের মধ্যে এক জন সরাসরি আমাকে জিজ্ঞাসা করল যদি নির্বাচনে জিতি তা হলে কি প্রধানমন্ত্রীর পদ গ্রহণ করব? তখন প্রায় বিরক্তির সুরেই বলেছিলাম, একেবারেই না'। সোনিয়ার আত্মজীবনী নিয়ে কংগ্রেসকে আক্রমণ করতে বিলম্ব করেনি বিজেপি। বিজেপি মুখপাত্র সি আর কেশবন বলেন, 'বইটির নাম বিলংগিং না রেখে হোয়াইটওয়াশিং রাখলে তা আরও যথার্থ হত।' তাঁর অভিযোগ, বইটির উদ্দেশ্য হল কংগ্রেস সরকারের আমলে নেওয়া বিভিন্ন সিদ্ধান্তকে মিষ্টি মোড়কে ঢেকে উপস্থাপন করা। বইটিতে সোনিয়া জরুরি অবস্থার ইতিহাসকে লঘু করে দেখানোর চেষ্টা করেছেন। শুধু তাই নয়, জওহরলাল নেহরু নেহরু-গান্ধি পরিবারকে সমালোচনার হাত থেকে আড়ালেরও চেষ্টা করেছেন। এক্স হ্যান্ডলে কেশবন লিখেছেন, 'সোনিয়া তাঁর স্মৃতিকথার নাম বিলংগিং-এর বদলে হোয়াইটওয়াশিং রাখতে পারতেন। কারণ, এই বইটির উদ্দেশ্য নেহরু এবং গান্ধী পরিবারের ঐতিহাসিক পাপ, ভুলগুলিকে মিষ্টি মোড়কে ঢেকে ফেলা এবং কংগ্রেসের গুরুতর অপরাধগুলিকে আড়াল করা'। নিজের স্মৃতিকথায় তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধির জারি করা জরুরি অবস্থাকে 'ভুল' হিসাবে বর্ণনা করেছেন সোনিয়া। তাঁর বক্তব্য,



জরুরি অবস্থার সময় যে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছিল, তার অনেকটাই এড়ানো যেত যদি ইন্দিরা তাঁর ছোট ছেলে সঞ্জয় গান্ধিকে 'নিয়ন্ত্রণে' রাখতেন। তবে সোনিয়ার এই দাবি খারিজ করে দিয়েছেন কেশবন। তাঁর মতে, জরুরি অবস্থার সময় মৌলিক অধিকার খর্ব করা, সংবাদপত্রের উপর সেন্সরশিপ আরোপ এবং বিধিনিষেধ গুলিকে 'যৌক্তিক ও স্বাভাবিক' হিসাবে তুলে ধরার প্রচেষ্টা করেছেন কংগ্রেস নেত্রী। তাঁর আত্মজীবনীতে প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী তথা শাশুড়ি ইন্দিরাকে নিয়েও স্মৃতিরোমন্থন করেছেন সোনিয়া। তাঁর রাগের বহিঃপ্রকাশ, অপছন্দের লোকেদের সঙ্গে কেমন আচরণ করতেন আত্মজীবনীতে তুলে ধরেছেন তিনি। গান্ধি পরিবারের পুত্রবধূ হিসেবে প্রথম বছরের অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে সোনিয়া জানান, ইন্দিরা গান্ধির রাগের বহিঃপ্রকাশ তাঁকে খুব অস্বস্তিতে ফেলত। কখনও কোনও ব্যক্তির আচরণে ক্ষুব্ধ হলে তাঁর সঙ্গে কথা বলা বন্ধ করে দিতেন। তাঁকে উপেক্ষা করে চলতেন। নিজের রাগের বহিঃপ্রকাশের কারণে পরে আবার অনুতপ্তও হতেন। স্বামী রাজীব গান্ধি যেন রাজনীতিতে নাম না লেখান সে জন্য বার বার অনুরোধ করেছিলেন সোনিয়া। কিন্তু পুত্র রাহুলকে রাজনীতিতে নামতে বাধা দেননি তিনি। কেন বাধা দেননি আত্মজীবনীতে সে কথা বলেছেন কংগ্রেস নেত্রী। তিনি লিখেছেন, 'দীর্ঘ সময় ধরে রাজনীতি সম্পর্কে ওর আগ্রহ ছিল'। রাহুল যখন স্কুলে পড়তেন সেই সময় নিজের সংসদীয় এলাকা অমেঠীতে তাঁকে নিয়ে যেতেন রাজীব। গ্রামীণ জীবনের বাস্তবতা সম্পর্কে সম্যক ধারণা দিতেই সেখানে রাহুলকে নিয়ে যাওয়া হত বলে জানিয়েছেন সোনিয়া। আত্মজীবনীতে প্রয়াত রাষ্ট্রপতি কথা কংগ্রেস নেতা প্রণব মুখোপাধ্যায়েরও স্মৃতিচারণা করেছেন সোনিয়া। কী ভাবে তাঁর একটি পরামর্শ তাঁকে চমকে দিয়েছিল, সে কথাও উল্লেখ করেছেন কংগ্রেস নেত্রী। তিনি দাবি করেছেন, ২০১০ সালে এক দিন প্রণব তাঁকে বলেছিলেন, এ বার নেতৃত্বের শীর্ষ স্তরে বদলের সময় এসেছে। এই পরামর্শ শুনে তিনি চমকে গিয়েছিলেন।

ইডি দফতরে সন্দীপ

স্টাফ রিপোর্টার ঃ আর জি কর মেডিক্যালে আর্থিক দুর্নীতি মামলায় ইডি দফতরে হাজিরা দিলেন সন্দীপ ঘোষ। মঙ্গলবার তিনি সল্টলেকে সিজিও কমপ্লেক্সে হাজিরা দেন। তাঁকে এর আগেও ডেকে পাঠিয়েছিল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। এর আগে বেশ কয়েকবার অসুস্থতার কারণ দেখিয়ে হাজিরা এড়িয়ে ছিলেন তিনি। অবশেষে এবার হাজিরা দিলেন আর জি কর মেডিক্যালের প্রাক্তন অধ্যক্ষ। জানা গিয়েছে, আর জি কর মেডিক্যালে দুর্নীতি নিয়ে আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে একটি নোটিশ পাঠানো হয়েছিল। আর সেই নোটিশের পরিপ্রেক্ষিতে মঙ্গলবার দেন সন্দীপ ঘোষ। হাজিরা দেওয়ার জন্য আরও কিছুটা সময় চেয়েছিলেন সন্দীপ ঘোষ। যদিও ইডি সূত্রে খবর, তাঁকে জানিয়ে দেওয়া হয় যে আর সময় দেওয়া হবে না তাঁকে। তারপরেই মঙ্গলবার দুপুর ১ টার দিকে সিজিও কমপ্লেক্সে পৌঁছে যান আর জি কর মেডিক্যালের প্রাক্তন অধ্যক্ষ। এর আগে যখন অন্য একটি মামলায় জেলে ছিলেন সন্দীপ ঘোষ। তখন জেলে গিয়েও তাঁকে জিজ্ঞাসাবাদ করেন এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকরা। আরজি করে চিকিৎসক-ছাত্রীর ধর্ষণ এবং খুনের ঘটনার পরে আর্থিক দুর্নীতির অভিযোগ প্রকাশ্যে আসে। সেই অভিযোগের ভিত্তিতে সন্দীপকে গ্রেফতার করে সিবিআই। পরে এই মামলার তদন্ত শুরু করে আর এক কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি-ও। তাদের অভিযোগ, আরজি কর হাসপাতালের অ্যাকাউন্ট থেকে ঠিকাদারদের অ্যাকাউন্টে জমা



হওয়া বিপুল পরিমাণ টাকা পরিকল্পিত ভাবে সরিয়ে ফেলা হয়েছে। আত্মসাৎ করা হয়েছে ওই টাকা। ঠিকাদারদের সঙ্গে আলোচনা করে তাঁদের ঘনিষ্ঠ সহযোগীদের নামে চেক লেখা হয়েছে। তা দিয়ে টাকা তোলা হয়েছে অথবা অন্য সহযোগী সংস্থায় সেই টাকা সরানো হয়েছে। পরে তা তুলে নেওয়া হয়। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দাবি, এ ভাবেই অপরাধ আড়াল করা হয়েছে। সেই মামলাতেই সন্দীপের যোগ রয়েছে বলে অভিযোগ। সেই মামলার তদন্তের সূত্র ধরে গত ৪ নভেম্বর সন্দীপকে তলব করেছিল ইডি। যদিও সে দিন তিনি হাজিরা দেননি। তদন্তকারীদের চিঠি দিয়ে ১৫ দিন সময় চেয়েছিলেন সন্দীপ। এ-ও আর্জি জানিয়েছিলেন, প্রয়োজনে তাঁকে ভিডিয়ো কনফারেন্সে জিজ্ঞাসাবাদ করা হোক। তবে পরে ইডি আবার তাঁকে নোটিস পাঠিয়ে মঙ্গলবার তলব করা হয়েছিল। সেই মতো মঙ্গলবার বেলা ১ টা নাগাদ হাজিরা দেন সন্দীপ ঘোষ।

অশান্ত বাংলাদেশ, বাসে-ট্রেনে আগুন

ঢাকা ঃ ডিসেম্বরেই বাংলাদেশে ফিরতে চান শেখ হাসিনা। দেশে ফিরতে পাসপোর্টের জন্যও আবেদন করেছেন তিনি। কিন্তু সেই আবেদন ইতিমধ্যেই খারিজ করে দিয়েছে বাংলাদেশ। ভারত সরকারের কাছে লিখিত আবেদন করার 'পরামর্শ' দিয়েছে বাংলাদেশ। সে দেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলামের দাবি, আইনত হাসিনা বাংলাদেশ সরকারের কাছ থেকে পাসপোর্ট পেতে পারেন না। মৃত্যুদণ্ডজ্ঞাপ্রাপ্ত আসামিকে পাসপোর্ট দেওয়া যায় না বলেই দাবি তাঁর। এই আবহেই নতুন করে অশান্ত হয়েছে বাংলাদেশ। সোমবার রাত থেকে দেশের বিভিন্ন প্রান্তে নতুন করে উত্তেজনা শুরু হয়েছে। চলছে ভাঙচুর। নেত্রকোনায় একটি ট্রেনে আগ্নিসংযোগের অভিযোগ উঠেছে দুষ্কৃতীদের বিরুদ্ধে। পরিস্থিতি সামাল দিতে ঢাকা, গাজিপুর, নারায়ণগঞ্জে নামানো হয়েছে সেনা। সোমবার রাতে ফরিদপুরের এক বাসচালককে জীবন্ত পুড়িয়ে মারা হয়েছে বলে অভিযোগ। পরিস্থিতি সামাল দিতে রাজধানী ঢাকা-সহ গাজিপুর এবং নারায়ণগঞ্জে নামানো হয়েছে সেনা। চলছে টহলদারি। সোমবার মাঝরাত থেকেই শুরু হয়ে যায় বিক্ষোভ। রাত ২টো নাগাদ ফরিদপুরে একটি বাসে আগুন লাগিয়ে দেন বিক্ষোভকারীরা। সেই সময়ে বাসের ভিতরে ঘুমোচ্ছিলেন চালক কালাচান শেখ (৬০)। জীবন্ত অবস্থায় অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু হয় তাঁর। তার পরেই ঢাকার বিভিন্ন এলাকায় শুরু হয় ক্রুড বম্ব হামলা। মালিবাগ, মীরপুর, মহম্মদপুর, মগবাজার, বনানী-সহ একাধিক এলাকা থেকে বিস্ফোরণের খবর সামনে এসেছে। বেশ কয়েকটি পুলিশের গাড়িতে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে বলেই খবর মিলেছে। শ্রমিক বিক্ষোভকে কেন্দ্র করে ফের অশান্ত হয়েছে বাংলাদেশ। জানা যাচ্ছে, শুরুর দিকে আন্দোলনের তেমন ঝাঁজ ছিল না। কিন্তু যত সময় যাচ্ছে, ততই পরিস্থিতি গুরুতর হয়ে উঠছে। অগ্নিগর্ভ পরিস্থিতিতে ৬৭০টি বস্ত্র কারখানা বন্ধ রাখতে হয়েছে। ফলে চাপ ক্রমশই বাড়ছে। কিন্তু কেন এই আন্দোলন? আসলে



বাংলাদেশের বস্ত্র শ্রমিকরা বর্তমানে ১২ হাজার ৫০০ টাকা বেতন পান। এই বেতন ৩০ হাজার টাকা করার দাবি উঠেছে।

শ্রমিকদের বক্তব্য, এত কম টাকায় সংসার চলছে না। কারখানা মালিকরা ২৫ শতাংশ বেতন বাড়ানোর প্রস্তাব দিলেও তাতে রাজি হননি শ্রমিকরা। এই গোটা বিষয়টিকে কেন্দ্র করেই ক্রমশ চড়ছে পারদ। সোমবার সকালে ফরিদপুরে একটি বাসে আগুন লাগিয়ে দেন বিক্ষোভকারীরা। সেই সময় বাসের ভিতর ঘুমাচ্ছিলেন চালক। জীবন্ত অবস্থায় অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু হয় চালকের। শুধু তাই নয়, রাত বাড়তেই বিভিন্ন জায়গায় ক্রুড বোমা নিয়ে হামলা চালান দুষ্কৃতীরা। মঙ্গলবার ভোরে নেত্রকোণার মোহনগঞ্জ স্টেশনে দাঁড়িয়ে থাকা হাওর ইন্টারসিটি এক্সপ্রেসে আগুন লাগিয়ে দেন দুর্বৃত্তরা। পুড়ে ছাই হয়ে গিয়েছে চারটি বগি। জানা গিয়েছে, এদিন ভোর ৫টা ১০মিনিট নাগাদ ঢাকা থেকে ট্রেনটি নেত্রকোণায় এসে পৌঁছয়। অভিযোগ, যাত্রীরা নেমে যাওয়ার পরই ট্রেনটিতে অগ্নিসংযোগ করে দেন কয়েকজন অজ্ঞাত পরিচয় যুবক। আগুন এবং ধোঁয়া দেখতে পেয়ে দ্রুত সেখানে ছুটে আসেন রেলের আধিকারিকরা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় দমকল। বেশ কিছুক্ষণের চেষ্টায় নিয়ন্ত্রণে আসে আগুন। এদিকে পরিস্থিতি সমাল দিতে ঢাকা, গাজিপুর ও নারায়ণগঞ্জের বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় নামানো হয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। মঙ্গলবার সকালে বিজিবি সদর দপ্তরের জনসংযোগ কর্তা শরিফুল ইসলাম জানান, শিল্পাঞ্চলের সামগ্রিক পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে মনিটরিং সেল ড্রোন, বডি-ওয়ার্ন ক্যামেরা ও অন্যান্য ডিভাইসের ব্যবহার করা হচ্ছে। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, বাংলাদেশের বস্ত্র শ্রমিকরা বর্তমানে সাড়ে ১২ হাজার টাকা বেতন পান। সেই বেতন বাড়িয়ে ৩০ হাজার টাকা করার দাবি তাঁদের। কিন্তু একলপ্তে এত টাকা বেতন বাড়াতে রাজি নন কারখানা কর্তৃপক্ষ। এর পরেই রাস্তায় নেমেছেন শ্রমিকরা। তবে গত কয়েক দিনে আন্দোলনের ঝাঁঝ তেমন বোঝা যায়নি। অভিযোগ, বেশ কয়েক জন শ্রমিককে গ্রেফতারও করা হয়। তার পরেই বেতন বৃদ্ধি, ধৃত শ্রমিকদের মুক্তির দাবিতে মঙ্গলবার বিক্ষোভ ও কর্মবিরতির ডাক দেন ৫৫টি শ্রমিক সংগঠন।

ফেব্রুয়ারিতে শুরু আইসিএসই ও আইএসসি

নয়াদিল্লি ঃ প্রকাশিত হল ২০২৭ সালের সিআইএসসিই দশম এবং দ্বাদশ শ্রেণির আইসিএসই এবং আইএসসি পরীক্ষার সময়সূচি। ফেব্রুয়ারি মাসেই শুরু হবে পরীক্ষা।বোর্ডের তরফে জানানো হয়েছে, আগামী ৯ ফেব্রুয়ারি ২০২৭ থেকে শুরু হবে দ্বাদশ শ্রেণির পরীক্ষা এবং ১৫ ফেব্রুয়ারি থেকে শুরু হবে দশম শ্রেণির পরীক্ষা। সিআইএসসিই-র সূচি অনুযায়ী, দশম শ্রেণির (আইসিএসই) পরীক্ষা শেষ হবে ৩১ মার্চ ২০২৭। অন্য দিকে, দ্বাদশ শ্রেণির (আইএসসি) পরীক্ষা চলবে ৮ এপ্রিল পর্যন্ত। প্রকাশিত পরিসংখ্যান অনুযায়ী, ২০২৭ সালে আইসিএসই ও আইএসসি মিলিয়ে মোট পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৩ লক্ষ ৭৯ হাজার ৯৮০। এর মধ্যে দশম শ্রেণির পরীক্ষার্থী প্রায় ২ লক্ষ ৭০ হাজার এবং দ্বাদশ শ্রেণির পরীক্ষার্থী ১ লক্ষ ১০ হাজার ২৫ জন। আইসিএসই পরীক্ষার জন্য ৩,১০৬টি এবং আইএসসি পরীক্ষার জন্য ১, ৬৫১টি স্কুলকে অনুমোদন দেওয়া হয়েছে। ভারত-সহ বিদেশের বিভিন্ন জায়গায় দশম শ্রেণির পরীক্ষার জন্য ২,৮৩৫টি এবং দ্বাদশ শ্রেণির পরীক্ষার জন্য ১, ৪৭৭টি পরীক্ষাকেন্দ্রের ব্যবস্থা করা হয়েছে। জানা গিয়েছে, আইসিএসই পরীক্ষার্থীর সংখ্যার নিরিখে প্রথম স্থানে রয়েছে উত্তরপ্রদেশ। সেখানে মোট ৫১, ১৬৮ জন পরীক্ষায় বসবে। দ্বিতীয় স্থানে রয়েছে পশ্চিমবঙ্গ। এই রাজ্য থেকে দশম শ্রেণির পরীক্ষা দেবে ৪৬,৫২১ জন। এ ছাড়া কর্নাটকে ৩৩,৪১৭ জন এবং মহারাষ্ট্রে ৩১, ০৩৫ জন পরীক্ষার্থী রয়েছে। পাশপাশি, আইএসসি পরীক্ষার্থীর সংখ্যার নিরিখেও প্রথম স্থানে উত্তরপ্রদেশ। সেখানে দ্বাদশ শ্রেণির পরীক্ষার্থী ৩৪,৭০২ জন। পশ্চিমবঙ্গ রয়েছে দ্বিতীয় স্থানে। এই রাজ্য থেকে আইএসসি পরীক্ষা দেবে ৩০,২৩৫ জন। ২০২৭ সালের আইসিএসই পরীক্ষার ক্ষেত্রে পরীক্ষার সময়ে বদল আনা হয়েছে। নতুন নিয়ম অনুযায়ী, সকাল ১০টা থেকে পরীক্ষার্থীদের প্রশ্নপত্র পড়ার জন্য ১০ মিনিট সময় দেওয়া হবে। এর পর সকাল ১০টা ১৫ মিনিট থেকে উত্তর লেখা শুরু করতে হবে। আগে



সকাল ১০টা ৪৫ মিনিটে প্রশ্নপত্র পড়ার সময় দেওয়া হত এবং সকাল ১১টা থেকে উত্তর লেখা শুরু হত। পাশাপাশি নতুন সময়সূচি অনুযায়ী, পরীক্ষার্থীদের সকাল ৯টা ৪৫ মিনিটের মধ্যে পরীক্ষাকেন্দ্রে নিজেদের নির্দিষ্ট আসনে বসে পড়তে হবে।

লিপি আর্থিক | কলকাতা • বুধবার, ১১ নভেম্বর, ২০২৬
Kolkata • Wednesday • November 11, 2026
Arthik Lipi, Page 5

লিখটেনস্টাইনের ক্রাউন প্রিন্সের সম্মানে প্রধানমন্ত্রীর বিশেষ মধ্যাহ্নভোজ



নতুন দিল্লি: ভারতের ইঞ্জিনিয়ারিং উৎকর্ষ ও প্রযুক্তিগত অগ্রগতির এক নতুন স্বীকৃতি মিলল আন্তর্জাতিক মঞ্চে। লিশটেনস্টাইনের ক্রাউন প্রিন্স এইচ.এস.এইচ. বংশানুক্রমিক যুবরাজ অ্যালয়েসের সম্মানার্থে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আয়োজিত বিশেষ রাজকীয় মধ্যাহ্নভোজে বিশেষভাবে আমন্ত্রিত হলেন 'ইন্টারন্যাশনাল ট্র্যাক্টরস লিমিটেড' -এর ম্যানেজিং ডিরেক্টর ড. দীপক মিত্তল। গত ২৭ অক্টোবর নতুন দিল্লির ঐতিহাসিক হায়দ্রাবাদ হাউসে এই হাই-প্রোফাইল বৈঠকের আয়োজন করা হয়। ভারত এবং ইএফটিএ দেশের মধ্যে স্বাক্ষরিত ঐতিহাসিক ট্রেড অ্যান্ড ইকোনমিক পার্টনারশিপ এগ্রিমেন্ট -এর অধীনে দ্বিপাক্ষিক অর্থনৈতিক ও প্রযুক্তিগত সম্পর্ক জোরদার করাই ছিল এই সফরের মূল লক্ষ্য। ইউরোপীয় অঞ্চলের শীর্ষস্থানীয় শিল্পপতি ও প্রতিনিধিদের নিয়ে ক্রাউন প্রিন্সের এই ভারত সফর দুই দেশের মধ্যে উন্নত উৎপাদন ব্যবস্থা, শিল্প প্রযুক্তি, টেকসই উন্নয়ন এবং আন্তঃসীমান্ত বিনিয়োগের ক্ষেত্রকে আরও প্রসারিত করবে বলে মনে করা হচ্ছে। বিশ্বমঞ্চে ভারতীয় বেসরকারি খাতের ক্রমবর্ধমান প্রভাব তুলে ধরে এই বৈঠকটি দেশীয় শিল্পক্ষেত্রের জন্য এক নতুন দিগন্ত উন্মোচন করেছে। ১৯৯৬ সালে পঞ্জাবের হোশিয়ারপুর থেকে যাত্রা শুরু করা আইটিএল সংস্থাটি চলতি ২০২৬ সালে তাদের ব্যবসায়িক সাফল্যের ৩০ বছর পূর্ণ করল। টানা ৮ বছর ধরে ভারতের এক নম্বর ট্র্যাক্টর রপ্তানিকারক সংস্থা হিসেবে শীর্ষস্থান ধরে রাখার পাশাপাশি বিশ্বের ১৫০টিরও বেশি দেশে নিজেদের উপস্থিতি জানান দিয়েছে সংস্থাটি। বর্তমানে আন্তর্জাতিক বাজারে শীর্ষ ৫টি ট্র্যাক্টর প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মধ্যে স্থান করে নিয়েছে এই ভারতীয় সংস্থা।এই সম্মানীয় আমন্ত্রণের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করে আইটিএল-এর ম্যানেজিং ডিরেক্টর ড. দীপক মিত্তল বলেন, বিশ্বমঞ্চে ভারতের ক্রমবর্ধমান মর্যাদা ও অর্থনৈতিক নেতৃত্বের দিনে এমন একটি ঐতিহাসিক মুহূর্তের অংশ হতে পেরে আমি অত্যন্ত গর্বিত।

নিকো ইউকো অ্যালায়েন্স ক্রেডিট লিমিটেড
(CIN: L65910WB1984PLC037614)

নিকো হাউস, তৃতীয় তলা, ২ হেয়ার স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ফোন: ০৩৩ ৪০০৫ ৬৪৯৯, ০৩৩ ৪০০৩ ৫১৫১,
ইমেইল: mdnuacl@gmail.com– nufsical@gmail.com

নিক্কো ইউকো অ্যালায়েন্স ক্রেডিট লিমিটেড-এর বাস্তবিক আকারে ধারণকৃত শেয়ারের পুনঃ দাখিল বা হস্তান্তরের অনুরোধ। ৩০শে জানুয়ারী, ২০২৬ তারিখের সেবি সার্কুলার নং HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026, যার শিরোনাম ''বিনিয়োগ সহজীকরণ - বাস্তবিক সিকিউরিটিজের হস্তান্তর এবং ডিম্যাটেরিয়ালাইজেশনের জন্য বিশেষ উইন্ডো'' অনুসারে, কোম্পানির বাস্তবিক শেয়ার ধারণকারী সকল শেয়ারহোল্ডারকে এতদ্বারা জানানো হচ্ছে যে, বাস্তবিক আকারে ধারণকৃত শেয়ারের হস্তান্তরের অনুরোধ পুনঃ দাখিলের সুবিধার্থে সেবি ৫ই ফেব্রুয়ারী, ২০২৬ থেকে ৪ঠা ফেব্রুয়ারী, ২০২৭ পর্যন্ত এক বছরের জন্য একটি বিশেষ উইন্ডো প্রদান করেছে। এই সুবিধাটি সেইসব বাস্তবিক শেয়ারের হস্তান্তর এবং ডিম্যাটেরিয়ালাইজেশন (''ডিম্যাট'')-এর জন্য উপলব্ধ, যা ১লা এপ্রিল, ২০১৯-এর আগে বিক্রি/ক্রয় করা হয়েছিল, কিন্তু নথিপত্র, প্রক্রিয়া বা অন্য কোনো ত্রুটির কারণে প্রত্যাখ্যাত বা ফেরত দেওয়া হয়েছিল। শেয়ারহোল্ডারগণ সংশোধন করার পর, প্রয়োজনীয় সহায়ক নথিপত্রসহ উক্ত হস্তান্তর দলিলসমূহ কোম্পানির কাছে পুনরায় জমা দিতে পারবেন।

এই বিশেষ উইন্ডো অনুসারে হস্তান্তরিত শেয়ারগুলি বাধ্যতামূলকভাবে শুধুমাত্র ডিম্যাট ফর্মে জমা করতে হবে এবং হস্তান্তরের নিবন্ধনের তারিখ থেকে এক বছরের জন্য লক-ইন মেয়াদের অধীন থাকবে। উক্ত লক-ইন সময়কালে, এই ধরনের সিকিউরিটিগুলি হস্তান্তর / লিয়েন-মার্ক / বন্ধক রাখা যাবে না।

উক্ত সময়কালে, যোগ্য শেয়ারহোল্ডারগণ নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ কোম্পানির কাছে তাদের হস্তান্তরের আবেদনপত্র জমা দিতে পারবেন।

আরও কোনো তথ্য, সহায়তা বা স্পষ্টীকরণের জন্য শেয়ারহোল্ডারগণ নিম্নলিখিত ঠিকানায় কোম্পানির সাথে যোগাযোগ করতে পারেন:

ঠিকানা: নিকো হাউস, তৃতীয় তলা, ২, হেয়ার স্ট্রিট, কলকাতা-৭০০০০১
ই-মেইল- nufsical@gmail.com, mdnuacl@gmail.com,
মোবাইল- ৬২৯১৫১১৮৫৩ / ৯৮৩১২৪১১০৮

নিকো ইউকো অ্যালায়েন্স ক্রেডিট লিমিটেড
স্থান: কলকাতা — সঞ্জুশ্রী পল
তারিখ: ১০.১১.২০২৬ — কোম্পানি সচিব ও কমপ্লায়েন্স আধিকারিক

ক্যান্ট অ্যান্ড কোম্পানি লিমিটেড
(CIN : L17232WB1952PLC020773)
১৫, ড. রাজেন্দ্র প্রসাদ সরণী, কলকাতা-৭০০০০১
E-mail: kantcoltd@gmail.com / Website : www.kantandcompany.com

৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং ছয় মাসের একক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের নির্যাস

লক্ষটাকায় (অন্যথায় না বলা থাকলে)

বিবরণী	সমাপ্ত তিন মাস			সমাপ্ত ছয় মাস		সমাপ্ত বছর
	৩০.০৯.২০২৬	৩০.০৬.২০২৬	৩০.০৯.২০২৫	৩০.০৯.২০২৬	৩০.০৯.২০২৫	৩১.০৩.২০২৬
	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)
মোট রাজস্ব	১,৪০,১৬৪.১২	৯৫,১৮৯.৫৬	১,৬০,৫১২.১৫	২,৩৫,৩৫৩.৬৮	২,৮৩,২০৮.০৩	৪,৫৯,২২৬.০৬
নিট লাভ/(ক্ষতি) করের পূর্বে	৩,৬১৪.৮৬	৩,৮০৯.৬৫	১,৬৬৪.০৫	৭,৪২৪.৫১	২৩,০৪৫.২০	৪০,৬১৮.৮৮
নিট লাভ/(ক্ষতি) করের পরে	৬০,৮১২.০৭	৩,৮০৯.৬৫	১,৬৬৪.০৫	৬৪,৬২১.৭২	২৩,০৪৫.২০	২৭,৪৬১.৭৫
মোট তুলনীয় আয় সময়কালীন	৬০,৯৬২.০৭	৩,৯৫৯.৬৫	১,৭২৪.২১	৬৪,৯২১.৭২	২৩,১৬৫.৫২	২৭,৯৮০.১৯
আদায়দত্ত ইক্যুইটি শেয়ার মূলধন	৫৫,৫৯৩.০০	৫৫,৫৯৩.০০	৫৫,৫৯৩.০০	৫৫,৫৯৩.০০	৫৫,৫৯৩.০০	৫৫,৫৯৩.০০
শেয়ার প্রতি আয় (অতিরিক্ত সাধারণ বিষয়সমূহের পূর্বে) (প্রতিটি ১০/- টাকা) মূল এবং মিশ্র	১০.৯৪	০.৬৯	০.৩০	১১.৬২	৪.১৫	৪.৯৪
শেয়ার প্রতি আয় (অতিরিক্ত সাধারণ বিষয়সমূহের পরে) (প্রতিটি ১০/- টাকা) মূল এবং মিশ্র	১০.৯৪	০.৬৯	০.৩০	১১.৬২	৪.১৫	৪.৯৪

৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং ছয় মাসের একত্রিত অনিরীক্ষিত আর্থিক ফলাফলের নির্যাস

লক্ষটাকায় (অন্যথায় না বলা থাকলে)

বিবরণী	সমাপ্ত তিন মাস			সমাপ্ত নয় মাস		সমাপ্ত বছর
	৩০.০৯.২০২৬	৩০.০৬.২০২৬	৩০.০৯.২০২৫	৩০.০৯.২০২৬	৩০.০৯.২০২৫	৩১.০৩.২০২৬
	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)
মোট রাজস্ব	১,৪০,১৬৪.১২	৯৫,১৮৯.৫৬	১,৬০,৫১২.১৫	২,৩৫,৩৫৩.৬৮	২,৮৩,২০৮.০৩	৪,৫৯,২২৬.০৬
নিট লাভ/(ক্ষতি) করের পূর্বে	৩,৬১৪.৮৬	৩,৮০৯.৬৫	১,৬৬৪.০৫	৭,৪২৪.৫১	২৩,০৪৫.২০	৪০,৬১৮.৮৮
নিট লাভ/(ক্ষতি) করের পরে	৬০,৮১২.০৭	৩,৮০৯.৬৫	১,৬৬৪.০৫	৬৪,৬২১.৭২	২৩,০৪৫.২০	২৭,৪৬১.৭৫
মোট তুলনীয় আয় সময়কালীন	৬১,৪৬৬.৩৯	৪,৪৬৩.৯৭	১,৬৯৭.৭৩	৬৫,৯৩০.৩৬	২৩,১১২.৫৬	(২৩,৭৯৬.৫৪)
আদায়দত্ত ইক্যুইটি শেয়ার মূলধন	৫৫,৫৯৩.০০	৫৫,৫৯৩.০০	৫৫,৫৯৩.০০	৫৫,৫৯৩.০০	৫৫,৫৯৩.০০	৫৫,৫৯৩.০০
শেয়ার প্রতি আয় (অতিরিক্ত সাধারণ বিষয়সমূহের পূর্বে) (প্রতিটি ১০/- টাকা) মূল এবং মিশ্র	১১.০৩	০.৭৮	০.২৯	১১.৮১	৪.১৪	(৪.৩৭)
শেয়ার প্রতি আয় (অতিরিক্ত সাধারণ বিষয়সমূহের পরে) (প্রতিটি ১০/- টাকা) মূল এবং মিশ্র	১১.০৩	০.৭৮	০.২৯	১১.৮১	৪.১৪	(৪.৩৭)

দ্রষ্টব্য:
১. উপরোক্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলো অডিট কমিটি কর্তৃক পর্যালোচনা করা হয়েছে এবং ১০ই নভেম্বর, ২০২৬ তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভায় পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে।
২. উপরোক্ত তথ্যটি ৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও ছয় মাসের আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণের একটি সারাংশ, যা সেবি (ক্ষেত্রীয়দায় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অনুযায়ী স্টক এক্সচেঞ্জে দাখিল করা হয়েছে। এর পূর্ণাঙ্গ বিবরণ এবং এ বিষয়ে নিরীক্ষকের 'লিমিটেড রিভিউ রিপোর্ট' কোম্পানির ওয়েবসাইট www.kantandcompany.com-এ পাওয়া যাবে।

বোর্ডের আদেশানুসারে
ক্যান্ট অ্যান্ড কো. লিমিটেড
কৌশিক গুপ্তা
স্থান: কলকাতা
তারিখ: ১০.১১.২০২৬ — ডিরেক্টর, DIN : 08000780

R.K.FASHION ACCESSORIES LIMITED
CIN : U18109WB2010PTC144256
Regd. Office - Room No. A 201, 2nd Floor, Bagree Market, 71, B.R.B. Basu Road, Kolkata - 700001, Email: info@citygirljewellery.com

STATEMENT OF STANDALONE UNAUDITED FINANCIAL RESULTS FOR THE HALF YEAR ENDED 30TH SEPTEMBER 2026 — RS. IN LAKHS

	Particulars	Half Year Ended (Unaudited)			Year Ended (Audited)
		30/09/2026	31/03/2026	30/09/2025	31/03/2026
I	Revenue from operations	1,484.78	1,625.55	1,410.16	3,035.71
II	Other Income	1.06	-	118.46	118.46
III	**Total Income (I + II)**	1,485.84	1,625.55	1,528.62	3,154.17
IV	**Expenses:**				
a	Cost of materials consumed	791.83	934.07	707.18	1,641.25
b	Purchase of Stock-in-trade	-	199.87	187.02	386.89
c	Changes in Inventories of Finished Goods, WIP & Raw Material	(195.33)	(275.41)	(70.01)	(345.42)
d	Employee benefits expense	142.09	49.55	51.34	100.89
e	Finance Cost	0.48	0.97	-	0.97
f	Depreciation and amortization expense	16.40	22.30	-	22.30
g	Other expenses	369.07	272.88	244.73	517.61
	TOTAL EXPENSES	1,124.53	1,204.23	1,120.27	2,324.50
V	**Profit before exceptional Items and tax (III - IV)**	361.30	421.32	408.35	829.67
VI	Exceptional Items	-	-	-	-
VII	**Profit before tax (V + VI)**	361.30	421.32	408.35	829.67
VIII	Tax expense:				
	- Current Tax	91.02	92.25	104.29	196.54
	- Tax relating to earlier period	-	(0.12)	0.12	-
	- Deferred Tax Liabilities / (Assets)	(1.63)	107.70	(103.26)	4.44
IX	**Profit/ (Loss) for the period/ year (VII - VIII)**	271.91	221.48	407.21	628.69
X	**Paid-up equity share capital (Face Value of ₹10 each)**	1,124.96	1,124.96	65.95	1,124.96
XI	Reserves excluding revaluation reserves as per Balance Sheet of previous accounting year	-	-	-	763.17
XII	Earnings per share (not annualized for half years)				
	a) Basic(Rs.)	2.42	1.97	3.62	5.59
	b) Diluted (Rs.)	2.42	1.97	3.62	5.59

NOTES:
1) The above unaudited financial results for the half year ended 30th September, 2026 have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their respective meetings held on 10th November 2026.
2) The statutory Auditors of the company has carried out a limited review of the above results in terms of Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 and have issued an unmodified review report thereon.
3) The results have been prepared in accordance with the Accounting Standards (AS) notified under Section 133 of the Companies Act, 2013 read with the Companies (Accounting Standards) Rules, 2021 and other accounting principles generally accepted in India. As the equity shares of the Company are listed on the Emerge Platform of NSE in terms of Chapter IX of the SEBI (Issue of Capital and Disclosure Requirements) Regulations 2018, the Company is exempt from compulsory adoption of Indian Accounting Standards (Ind AS) under the proviso to Rule 4 of the Companies (Indian Accounting Standards) Rules, 2015.
4) The Statement of Assets and Liabilities and the Statement of Cash Flows as required under Regulation 33 of the SEBI (LODR) Regulations 2015, are annexed to these results. The Statement of Cash Flows has been prepared under the indirect methods as set out in AS 3 'Cash Flow Statements'.
5)The Company is operating in single segment hence the reporting responsibility under segment reporting is not applicable to us.
6)Figures for the previous periods/year have been regrouped, rearranged or reclassified wherever necessary to conform to the classification of the current period.

PER OUR REPORT ATTACHED: FOR MURARKA & ASSOCIATES,CHARTERED ACCOUNTANTS
For and on behalf of R.K.Fashion Accessories Limited

SANJAY KUMAR MURARKA
PARTNER
M NO. : 054208 FRN : 319092E
UDIN : 26054208UOJGDF5910
KOLKATA, NOVEMBER 10TH, 2026

Mohammed Usman, CEO & Director, DIN: 03007944
Mohammed Qasim, Managing Director, DIN: 01502252

কলকাতা মেট্রোয় পরিচ্ছন্নতা বাড়াতে জোর: আধুনিক প্রযুক্তিতে স্টেশন ও ট্রেন পরিষ্কার রাখার বিশেষ উদ্যোগ



কলকাতা: কলকাতার লাইফলাইনখ্যাত মেট্রো রেলওয়ে তাদের স্টেশন, ট্রেন এবং অন্যান্য চত্বরকে আরও পরিচ্ছন্ন, পরিপাটি এবং স্বাস্থ্যসম্মত করে তুলতে বিশেষ মেকানাইজড (যান্ত্রিক) পরিচ্ছন্নতা ও স্যানিটেশন অভিযান শুরু করেছে। মেট্রো যাত্রীদের উন্নত ও স্বাস্থ্যকর পরিবেশ উপহার দেওয়ার উদ্দেশ্যেই এই বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে।মেট্রো রেলওয়ের জেনারেল ম্যানেজার (জিএম) শ্রী প্রেম সাগর গুপ্তের নেতৃত্ব ও নির্দেশনায় এই বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত হচ্ছে। এই উদ্যোগকে সফল করতে উচ্চপদস্থ মেট্রো কর্মকর্তারা রিয়েল-টাইম ভিত্তিতে সার্বিক পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন।পরিচ্ছন্নতা অভিযানে যেসব আধুনিক প্রযুক্তির ব্যবহার হচ্ছে. অটোমেটিক সুইপিং মেশিন: প্ল্যাটফর্ম এবং কনকোর্স এলাকাগুলো ঝকঝকে ও পরিষ্কার রাখতে স্বয়ংক্রিয় সুইপিং মেশিন ব্যবহার করা হচ্ছে।অটো স্ক্রাবার মেশিন: যে সমস্ত স্টেশনে যাত্রীদের ভিড় বেশি হয়, সেই জায়গাগুলোতে প্রতিদিন দ্রুত এবং আরও নিখুঁতভাবে মেঝে পরিষ্কারের জন্য অটো স্ক্রাবার মেশিন ব্যবহার করে মেকানাইজড ফ্লোর ক্লিনিং করা হচ্ছে। ঞ্চআধুনিক স্টিম ক্লিনার: স্টেশনগুলোর শৌচাগার বা টয়লেট পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে আধুনিক স্টিম ক্লিনার মোতায়েন করা হয়েছে, যা গভীর ও স্বাস্থ্যসম্মত পরিষ্কার নিশ্চিত করে। শিল্পকর্ম ও নান্দনিকতার সুরক্ষা: বিভিন্ন মেট্রো স্টেশনের দেয়ালের ম্যুরাল, পেইন্টিং এবং অন্যান্য আলংকারিক বা ডেকোরেটিভ ইনস্টলেশনগুলো যাতে সুন্দর থাকে, সেজন্য সেগুলোর বিশেষ যত্ন ও পরিচ্ছন্নতার ওপর জোর দেওয়া হচ্ছে। যাত্রীদের প্রতি বিশেষ আহ্বান:মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষ 'আমাদের মেট্রো' -কে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে সমস্ত যাত্রীর আন্তরিক সহযোগিতা কামনা করেছে।

প্রবাসী ভারতীয় দিবসের লোগো উদ্বোধনে মুখ্যমন্ত্রী দিল্লি যাচ্ছেন



দেবাশীষ সেনগুপ্ত : জানুয়ারিতে কলকাতায় আন্তর্জাতিক সম্মেলন, কলকাতায় প্রথমবার অনুষ্ঠিত হতে চলা ১৯ তম প্রবাসী ভারতীয় দিবস সম্মেলনের জোর কদমে শুরু হয়েছে প্রস্তুতি । ২০২৭ এ কলকাতায় প্রথমবার প্রবাসী ভারতীয় সম্মেলনের আসর বসছে। আর সেই উপলক্ষে বুধবার দিল্লিতে এক দিনের সফরে যাচ্ছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রাজধানীর সুষমা স্বরাজ ভবনে কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস. জয়শঙ্করের উপস্থিতিতে সম্মেলনের সরকারি ওয়েবসাইট এবং লোগোর আনুষ্ঠানিক উদ্বোধন হওয়ার কথা। আগামী ৭ থেকে ৯ ই জানুয়ারি, ২০২৭ পর্যন্ত কলকাতায় অনুষ্ঠিত হবে ১৯তম প্রবাসী ভারতীয় দিবস সম্মেলন। কেন্দ্রের বিদেশ মন্ত্রক এবং পশ্চিমবঙ্গ সরকারের যৌথ উদ্যোগে আয়োজিত এই আন্তর্জাতিক সম্মেলন এবার প্রথমবারের জন্য কলকাতায় বসছে। নবান্ন সূত্রের খবর, বুধবার বিকেল ৪টায় সুষমা স্বরাজ ভবনের চাণক্য হলে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন মুখ্যমন্ত্রী। ওই অনুষ্ঠান থেকেই সম্মেলনের সরকারি ওয়েবসাইট চালু করা হবে। সম্ভাব্য প্রতিনিধিদের নিবন্ধন, সম্মেলন সংক্রান্ত তথ্য এবং বিভিন্ন কর্মসূচির বিস্তারিত এই ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রবাসী ভারতীয় দিবস কেন্দ্র সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক কর্মসূচি। বিশ্বের বিভিন্ন দেশের ভারতীয় বংশোদ্ভূত নাগরিক, শিল্পপতি, বিনিয়োগকারী, শিক্ষাবিদ, পেশাজীবী এবং নীতিনির্ধারকেরা এই সম্মেলনে অংশ নেন। প্রবাসী ভারতীয়দের সঙ্গে ভারতের সম্পর্ক আরও সুদৃঢ় করা এবং শিল্প, বাণিজ্য, বিনিয়োগ ও জ্ঞান-বিনিময়ের নতুন ক্ষেত্র তৈরি করাই এই সম্মেলনের মূল উদ্দেশ্য। এবারের সম্মেলনের মূল প্রতিপাদ্য 'ফ্রম রুটস টু রিটার্ন, রিইগনাইটিং ডায়াসপোরা কানেক্ট উইথ ভারত'। কলকাতায় তিন দিনের এই আন্তর্জাতিক সম্মেলনকে ঘিরে কেন্দ্র ও রাজ্য ইতিমধ্যেই প্রস্তুতি শুরু করেছে।

DHP INDIA LIMITED
Regd. Office : 7B, Shreelekha, 7th Floor, 42A, Park Street, Kolkata-700016.
Ph No : (033) 4600-2601/2602, E-mail : info@dhpindia.com
CIN : L65921WB1991PLC051555, Web : www.dilindia.co.in

EXTRACT OF THE STATEMENT OF UNAUDITED STANDALONE IND AS FINANCIAL RESULTS REVIEW BY AUDITORS FOR THE SECOND QUARTER AND FIRST HALF-YEAR ENDED 30TH SEPTEMBER, 2026 AS PER FORMAT OF ANNEXURE-"I" & "IX" OF REGULATION 33, REGULATION 52 & REGULATION 47(1)(b) OF THE SEBI (LISTING OBLIGATIONS AND DISCLOSURE REQUIREMENTS) REGULATIONS, 2015.

ANN-I of Reg.33/52 & Reg.47(1)(b) of the SEBI (LODR)Reg,2015 of the Unaudited Financial Results (with limited review by auditors) for the Quarter/Half Year Ended (Amount Rs. in Lakhs)

Sl. No.	Particulars	Current Quarter ended on 30.09.2026	Preceeding Quarter ended on 30.06.2026	Corresponding Quarter ended in the previous year on 30.09.2025	Current Half-year ended on 30.09.2026	Corresponding Half-year ended in the previous year on 30.09.2025	Previous Year ended on 31.03.2026
		Unaudited	Unaudited	Unaudited	Unaudited	Unaudited	Audited
	STATEMENT OF UNAUDITED FINANCIAL RESULTS (WITH LIMITED REVIEW BY AUDITORS) FOR THE QUARTER/HALF-YEAR ENDED : 30TH SEPTEMBER, 2026						
1	Total Income from Operations	**2,743.14**	2,257.45	1,465.54	**5,000.59**	3,715.53	**7,593.24**
2	Net Profit for the period (before Tax, before and after Exceptional and/or Extraordinary items)	**722.99**	631.03	159.29	**1,354.02**	771.96	**1,523.34**
3	Net Profit for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	**526.36**	469.68	116.20	**996.04**	572.66	**1,105.73**
4	Total Comprehensive Income/(Loss) for the period [Comprising Profit for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	**51.08**	2,055.43	(283.84)	**2,106.51**	609.89	**(8.55)**
5	Equity Share Capital	**300.00**	300.00	300.00	**300.00**	300.00	**300.00**
6	Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of previous year	**25,366.46**	25,435.38	23,998.39	**25,366.46**	23,998.39	**23,379.95**
7	Earning Per Share (before & after extraordinary/ exceptional items) for continuing and discontinuing operations (EPS - in Rs. 10/- each - not annualised):-						
	(a) Basic :	**17.55**	15.66	3.87	**33.20**	19.09	**36.86**
	(b) Diluted :	**17.55**	15.66	3.87	**33.20**	19.09	**36.86**

NOTES :
1) The above results were approved by the "Audit Committee [Meeting started at 11.00 AM and concluded at 11.30 AM]" & also at the meeting of "The Board of Directors [Meeting started at 11.30 AM and concluded at 12.00 PM]" of the Company held at 10th November,2026 (Tuesday). The figures for the corresponding period have been regrouped/reclassified wherever necessary,to make them comparable. The Statutory Auditors of the Company have been carried out a Limited Review Report of such Un-audited Financial Results of the Current Second Quarter and First Half-Year Ended 30/09/2026.
2) The Net Asset Value(NAV) taken for the valuation of Fair Market Value of Investment in Equity & Debt Investment (Investment in Equity Mutual Fund & GOLD/Silver ETF Fund) as on 30th September, 2026 and difference recognised during the quarter and year ended as "Other Comprehensive Income/(Loss) group as Income/(Loss) of "Value of appretiation/(dimunation) of Investment in Equity & Debt Mutual Fund" and their deferred tax (Liabilities)/assets are calculated as below :

(Rs. In Lakhs)

Particulars	Quarter ended 30-09-2026	Half-year ended 30-09-2026	Pr. Year ended 31-03-2026
The Value of (dimun)/appr.of Invest. in Mutual Fund/ETF recog. as Other Comp.(Loss)/Income	(557.07)	1,439.93	(1,444.87)
Add/(Less) : Deferred Tax Assets/(Liabilities) on above Other Comprehensive (Loss)/Income	81.79	(329.46)	330.59
Net of Other Com.(Loss)/Income (Net of Tax)Rec.as"Value of (dim.)/app. of Invt.in M.Fund/ETF"	**(475.28)**	**1,110.47**	**(1,114.28)**

3) **Significant Events in this Quarter :** During the Quarter ended 30th September,2026 - The company does not make any Investment in Mutual Fund. However The cumulative Investment in Mutual fund During the Half Year ended 30th September, 2026 is Rs. 779.96 Lakhs. subsequently their value of appreciation/ (dimunation) and their deferred tax (liabilities) are recognised as "Other Comprehensive Income/(Loss)" and "Deferred Tax (Liabilities)/Assets" etc.
4) The above report is as per Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations,2015 and according to Ind AS and also as per Schedule III of the Companies Act,2013 (as amended).
5) The Company is engaged primarily in the business of Manufacturing of Engineering Goods and there are no separate reportable segment as per Indian Accounting Standards (Ind AS) - 108 dealing with segment reporting.
6) This is Second Quarter and First half-year Ended result, hence the Cash Flow Statement and Statement of Affairs as per "Annexure-IX" is Annexed.
7) The Full Format of results for the Second Quarter and First Half-year Ended September 30,2026 are available on the Stock Exchange website BSE Limited website (URL : **www.bseindia.com**) and the Company's website (URL : **www.dilindia.co.in**).

For and on behalf of the Board of Directors of DHP INDIA LTD.
(SURUCHI TIWARI)
Company Secretary-cum-Compliance Officer
Place : Kolkata
Date : 10th November, 2026

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন
নাম পরিবর্তন / CHANGE OF NAME

I, Kushum Sharma / Kushum Shorma, D/o Shiv Bhagwan Nohal / Shiv Bhagwan Sharma, resident of **18 Kartick Chandra Neogi Lane, Kolkata - 700035,** do hereby declare that I have changed my name from **Kushum Sharma / Kushum Shorma to Kusum Sharma** and henceforth I shall be known as **Kusum Sharma** in all purpose, vide affidavit no. **22AC 271153** sworn before the Notary Public at **Kolkata on 14th October 2026. Kusum Sharma and Kushum Sharma / Kushum Shorma** both are same and one identical person. It is also declared that my father's names **Shiv Bhagwan Nohal and Shiv Bhagwan Sharma** both are same and one identical person.

I, Kishor Kumar Sharma (also written as Kishore Sharma), S/o Ram Pratap Sharma, resident of **18 Kartick Chandra Neogi Lane, Kolkata - 700035,** do hereby declare that I have changed my name from **Kishor Kumar Sharma / Kishore Sharma to Kishor Sharma** and henceforth I shall be known as **Kishor Sharma** in all purpose, vide affidavit no. **22AC 236303** sworn before the Notary Public at **Kolkata on 7th September 2026. Kishor Sharma** and **Kishor Kumar Sharma / Kishore Sharma** both are same and one identical person.

I, SUPTRATIM BANERJEE, S/o PRADIP BANERJEE (Old Name), residing at 151, Goswami Para Road, P.O.- Bally, P.S.- Bally, Dist.- Howrah-711201, W.B., have changed my father's name from PRADIP BANERJEE (Old Name) to PRADIP KUMAR BANERJEE (New Correct Name) and henceforth he shall be known as PRADIP KUMAR BANERJEE (New Correct Name) in all purposes as declared by the affidavit vide Sl. No. 14/2026 sworn before the Notary Public at Kolkata on 05.11.2026, my father, PRADIP KUMAR BANERJEE (New Correct Name) and PRADIP BANERJEE (Old Name) both are same and one identical person.

I, MEHRUN NISHA wife of Ainul Hoda, resident of 10/S, Tiljala Shibtala Lane, P.S- Karaya, P.O- Tiljala, Kolkata-700039, do hereby declare that I have changed my name from MEHRUN NISHA (Old Name) to MEHRUN NESSA (New Name) and hence forth I shall be known as MEHRUN NESSA (New Name) in all purpose vide affidavit No.9414 Sworn before the Notary Public at Sealdah Court, Kolkata on 10/11/2026. That MEHRUN NESSA (New Name) and MEHRUN NISHA (Old Name) both are same and one identical person not are different persons.

I, MOHAMMAD AURANGZEB son of Md Alamghir, resident of 7/1C, Abinash Chowdhury Lane, P.S- Topsia, P.O- Gobinda Khatick Road, Kolkata-700046, do hereby declare that I have changed my name from MOHAMMAD AURANGZEB (Old Name) to MD AURANGZEB (New Name) and hence forth I shall be known as MD AURANGZEB (New Name) in all purpose vide affidavit No. 9413 Sworn before the Notary Public at Sealdah Court, Kolkata on 10/11/2026. That MD AURANGZEB (New Name) and MOHAMMAD AURANGZEB (Old Name) both are same and one identical person not are different persons.

I, ALAMGHIR ALAM son of Late Abdul Sattar, resident of 5D, Abinash Chowdhury Lane, P.S- Topsia, P.O- Gobinda Khatick Road, Kolkata-700046, do hereby declare that I have changed my name from ALAMGHIR ALAM (Old Name) to MD ALAMGIR (New Name) and hence forth I shall be known as MD ALAMGIR (New Name) in all purpose vide affidavit No. 1213 Sworn before the Notary Public at Sealdah Court, Kolkata on 27/08/2026. That MD ALAMGIR (New Name) and ALAMGHIR ALAM (Old Name) both are same and one identical person not are different persons.

I, BINA RANI BISWAS, W/O. SURESH BISWAS, resident of Vill.- Nowpukuria, P.O.-Badkulla,P.S.- Taherpur,Dist.-Nadia do hereby declare that I have changed my name from BINA RANI BISWAS to BINA BISWAS and henceforth I shall be known as BINA BISWAS in all purpose, Vide affidavit no 03 Sworn before the Notary Public at Ranaghat on 04/11/2026 BINA BISWAS and BINA RANI BISWAS both are same and one identical person.

I, Bibi Rokia, W/o Anikul, R/o Vill.- Jagtala, P.O.- Kumarganj, P.S.- Ratua, Dist.-Malda, Pin- 732102, have changed my name from Bibi Rokia (Old Name) to Rokiya (New Correct Name) and henceforth I shall be known as Rokiya (New Correct Name) in all purposes as declared by the affidavit vide Sl. No. 12/2026 sworn before the Notary Public at Kolkata on 09.11.2026, Rokiya (New Correct Name) and Bibi Rokia (Old Name) both are same and one identical person.

I, Lokmal Ali, S/o Md Hassan, R/o Vill.- Katlamari, P.O.- Katlamari, P.S.- Pukhuria, Dist.- Malda, Pin- 732102, have changed my name from Lokmal Ali (Old Name) to Lokman Ali (New Correct Name) and henceforth I shall be known as Lokman Ali (New Correct Name) in all purposes as declared by the affidavit vide Sl. No. 11/2026 sworn before the Notary Public at Kolkata on 09.11.2026, Lokman Ali (New Correct Name) and Lokmal Ali (Old Name) both are same and one identical person.

I, Bikram Sarkar, S/o Bishnupada Sarkar, R/o Kalna, Dist.- Satapati Malopara, P.O.-Purba Satgachia, P.S.- Kalna, Dist.- Purba Bardhaman, declare that, in my Birth Certificate vide Registration No. 85, Dt. of Regn. 12.08.2005, my name has been wrongly recorded as Bittu Sarkar in place of my actual name Bikram Sarkar, which is recorded in my Aadhaar Card, PAN Card, Ration Card Admit Card of Madhyamik Pariksha. As per affidavit vide Sl. No. 11595 before the Ld. Addl. Chief Judicial Magistrate (1 st Class), Kalna, Purba Bardhaman on 07.11.2026, Bikram Sarkar and Bittu Sarkar is the same and one identical person.

I, SK RAFIKUL ISLAM, S/o, SEKH PHIROJ ALI, resident of Vill- Rasikpur, P.O.-Haridaspur, P.S.- Tamluk, Dist- Purba Medinipur, Pin- 721653, West Bengal, do hereby declare that have changed my father's name from FIROJ, SK FIROJ, SK FIROJ ALI to SEKH PHIROJ ALI and henceforth he shall be known as SEKH PHIROJ ALI in all purposes, vide Affidavit No. 22661 sworn before the Ld. Chief Judicial Magistrate 1st Class, Purba Medinipur at Tamluk on 07.11.2026 SEKH PHIROJ ALI, FIROJ, SK FIROJ and SK FIROJ ALI, are same and one identical person.

I, SMT VANDANA ASHOK DUTTA, W/o Sri Ashoke Chandra Dutta, presently residing at Flat No. 4A, 4 th Floor, 81 Regent Estate, Near Lalka Mandir, P.O.- Regent Estate, P.S.- Jadavpur, Kolkata- 700092, Dist.- Kolkata, Sub Dist.- Circus Avenue, W.B., India, declare that, inmy Voter Id Card vide no. NWD1238088, my name has been wrongly recorded as VANDANA DUTTA instead of my correct name VANDANA ASHOK DUTTA, which is recorded in my PAN Card, Aadhaar Card and Passport. As per affidavit vide no. 80225 before the Learned 1 st Class Judicial Magistrate at Alipore on 10.11.2026, VANDANA ASHOK DUTTA and VANDANA DUTTA is the same and one identical person.

I, Soubik Dutta S/o. Deepak Kumar Dutta resident of Dharsa Gram Panchayat, P.O.- Dharsa,Dist.- Jhargram, W.B. -721505 do hereby declare that my father have changed his name from Dipak Kumar Dutta (Old Name) to Deepak Kumar Dutta (New Name) and henceforth he shall be known as Deepak Kumar Dutta (New Name) in all purpose, vide affidavit no. 81/2026 sworn before the Notary Public at Kolkata on 06.11.2026. My father Deepak Kumar Dutta (New Name) and Dipak Kumar Dutta (Old Name) both are same and one identical person.

I, Priti Hem Chand Surana (Old Name) W/o. Hem Chand Surana resident of 106, Kiran Chandra Singha Road, Shibpur, Howrah- 711102, W.B. do hereby declare that I have changed my name from Priti Hem Chand Surana (Old Name) to Priti Surana (New Name) and henceforth I shall be known as Priti Surana (New Name) in all purpose, vide affidavit SL. No. 01/2026 sworn before the Notary Public at Kolkata on 10.11.2026. Priti Surana (New Name) and Priti Hem Chand Surana (Old Name) both are same and one identical person.

I, Subrato Kumar Modak (Old Name), S/o Late Santosh Kumar Modak, residing at A/180, Central Road, H B Town, Bijaypur, Panihati, Ghola, P.O.- Sodepur, P.S.- Khardah, North 24 Parganas- 700110, have changed my name from Subrato Kumar Modak (Old Name) to Subrata Kumar Modak (New Correct Name) and shall henceforth be known as Subrata Kumar Modak (New Correct Name) in all purposes as declared by the affidavit vide Sl. No.62 sworn in the Court of Ld. Judicial Magistrate, 1 st Class at Barrackpur, Dist.- North 24 Parganas on 28.10.2026, Subrata Kumar Modak (New Correct Name) and Subrato Kumar Modak (Old Name) both are same and one identical person.

I, Paramhans Singh, S/o Sudama Singh, R/o Fl-7, Gokul Apartment, 2C NS Road, Bally(M), P.O - Liluah, Dist - Howrah, West Bengal - 711204, declare that vide Affidavit No. K/NOV/124/26 sworn before Notary Public at Howrah on 07-11-2026, **Paramhans Singh** and **Parmhans Singh** both are one and the same identical person.